



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর ,
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd
বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০১৩.২০১৫-৩৪

তারিখ : ০৮ মে ২০১৯
২৫ বৈশাখ-১৪২৬

বিষয় : স্বাস্থ্য সেবা বিভাগের ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কসপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) এর “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিনিয়ান্স)”, “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)” ও “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশন)” পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৪.০১.২০১৮ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর ৪২, ৪৩ ও ৪৪ এ অংশগ্রহণকারী স্বাস্থ্য সেবা বিভাগের ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কসপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) এর ২য় শ্রেণি (১০ম গ্রেড) “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিনিয়ান্স)”, “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)” ও “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশন)” পদে সরাসরি নিয়োগের নিমিত্তে প্রার্থীগণ যারা ২৯.০১.২০১৮ থেকে ২৮.০২.২০১৮ তারিখ পর্যন্ত অনলাইন এ আবেদনপত্র জমা দিয়েছিলেন তাদের গত ০৫.১২.২০১৮ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিঃ নম্বর নিম্নে উল্লেখ করা হলো :

(ক) “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিনিয়ান্স)” পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর রেজিঃ নম্বর :
000038= 01 জন।

(খ) “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)” পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিঃ নম্বর :
000069, 000089=02 জন।

(গ) “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশন)” পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর রেজিঃ নম্বর :
000002= 01 জন।


২. লিখিত পরীক্ষার ফলাফল কমিশনের www.bpsc.gov.bd ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৩. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইটের www.bpsc.gov.bd মাধ্যমে জানানো হবে।

৪. প্রকাশিত ফলাফলে কোন কারণে কোন সংশোধন প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

৫. কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৬. “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিনিয়ান্স)”, “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)” ও “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশন)” পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্র BPS Form-3 কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ১৪ মে থেকে ২৬ মে ২০১৯ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এর ইউনিট-৭ এ হাতে হাতে অথবা ডাক যোগে জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বিপিএসসি ফরম-৩ জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না এবং তার প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে। সনদের মূল কপি সাক্ষাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।


(মোঃ নজরুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্মসচিব)